নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৩৫

১২ আগস্ট ২০২৫

**<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>**

# নোবিপ্রবিতে 'ক্যারিয়ার গাইডলাইন এন্ড হায়ার স্টাডি অ্যাবরোড' শীর্ষক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'ক্যারিয়ার গাইডলাইন এন্ড হায়ার স্টাডি অ্যাবরোড' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১২ আগস্ট ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

এতে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আমরা পিএইচডি ডিগ্রিধারীদের গুরুত্ব দিচ্ছি। এক্ষেত্রে একাডেমিক এক্সিলেন্স কে বিবেচনা করা হচ্ছে। আমরা পিএইচডি ডিগ্রিধারীদের জন্য সুন্দর কর্ম পরিবেশ তৈরী করতে চাই। বিদেশ থেকে পিএইচডি করার পরে যেনো দেশের জন্য তারা অবদান রাখতে পারেন। আশা করি আজকের মূল প্রবন্ধ উপস্থাপক আপনাদের ক্যারিয়ার সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আপনাদেরকে পথ দেখাতে পারবেন। সে আলোকে আপনারা আপনাদের মেধা, বুদ্ধিমত্তা, বিচার-বিবেচনা দিয়ে সিদ্ধান্ত নিবেন। নতুন কিছু জানলে, শিখলে তা ভবিষ্যতের জন্য কাজে লাগবে। আপনাদের জীবনের চলার পথে আজকের এই সেমিনার পাথেয় হয়ে থাকবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদের সঞ্চালনায় সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন সুইডেনের সুইডিশ ইউনিভার্সিটি অব এগ্রিকালচারাল সায়েন্সেস এর ফ্যাকাল্টি বায়ো ইনফরমেশিয়ান ড. আবু বকর সিদ্দিক।

ড. আবু বকর সিদ্দিক তার বক্তব্যে শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার প্রতি উদ্বুদ্ধ করেন এবং কিভাবে উচ্চ শিক্ষা অর্জনের জন্য নিজেদের প্রস্তুত করবেন এই বিষয়ে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন। এক্ষেত্রে তিনি শিক্ষা ও গবেষণা, ভাষা দক্ষতা, স্কলারশিপ, সহশিক্ষা কার্যক্রম ইত্যাদি বিষয়ের প্রতি গুরুত্বারোপ করেন। বিদেশে পিএইচডি করার ক্ষেত্রে কি কি প্রতিবন্ধকতা রয়েছে এবং কিভাবে সে সব প্রতিবন্ধকতা কাটিয়ে ওঠা যায় তা নিয়ে আলোচনা করেন। এ সময় তিনি বলেন, আপনারা পিএইচডি ডিগ্রি অর্জনের মাধ্যমে নিজেদের মূল্য বাড়াতে হবে। নোবিপ্রবির সুনাম ধরে রাখার দায়িত্ব আপনাদের।

উল্লেখ্য, সেমিনারে নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪